

Workshop on Preparation for Accreditation: Documentation and Evidence

অ্যাকাডেমিক প্রোগ্রামের অ্যাক্রেডিটেশনের অভিপ্রায় ব্যক্ত করায় ০৭ জানুয়ারি ২০২৬ তারিখে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল ও সোনারগাঁও বিশ্ববিদ্যালয়-এর যৌথ আয়োজনে এবং Higher Education Acceleration and Transformation Project (HEAT)-এর অর্থায়নে সোনারগাঁও বিশ্ববিদ্যালয়, ঢাকায় “Preparation for Accreditation: Documentation and Evidence” বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন ইউনিভার্সিটির IQAC এর পরিচালক অধ্যাপক মোঃ মোস্তফা হোসেন। উক্ত প্রোগ্রামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাউন্সিলের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোহাম্মদ একরামুল ইসলাম। কর্মশালায় সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস. এম. কবীর। কাউন্সিলের পক্ষ থেকে কর্মশালায় উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সচিব প্রফেসর মুনীরুল ইসলাম, অ্যাক্রেডিটেশন বিভাগের পরিচালক প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদ, উপপরিচালক ড. ফারজানা শারমিন এবং সহকারী পরিচালক জনাব সাবরিনা তাজনুর। কর্মশালার প্রথম পর্ব পরিচালক প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদের ধন্যবাদ প্রস্তাবের মাধ্যমে শেষ হয়। এছাড়া উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য, ট্রেজারার মহোদয়, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান এবং অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রফেসর ড. এস. এম. কবীর। তিনি অ্যাক্রেডিটেশন পদ্ধতি এবং এতদসংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন ডকুমেন্ট এবং প্রমাণক সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। কর্মশালার প্রশ্নোত্তর পর্বে ইউনিভার্সিটির উপাচার্য, ডিন, আইকিউএসির পরিচালক এবং শিক্ষকমন্ডলী অ্যাক্রেডিটেশন আবেদনের প্রস্তুতি সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্রশ্ন করেন এবং কাউন্সিলের মাননীয় চেয়ারম্যান এবং সচিব মহোদয় তাদের সকল প্রশ্নের প্রেক্ষিতে বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করেন।











